তারিখ 25 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

দৈনিক বাংলা

OC

### আগামী বছর থেকে কার্যক্রম শুরু

# মাধ্যমিক পর্যায়ে ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা চালু হচ্ছে

**মিডিয়া সিন্ডিকেট :** সরকার আগামী বছর থেকে পরীক্ষামূলকভাবে মাধ্যমিক পর্যায়ে এবং পরে পর্যায়ক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা চালু করার সিদ্ধান্ত নিয়েছে। এজন্য ১৯৬৭ সনের কারিগরি শিক্ষাবোর্ড আইনের সংশ্লিষ্ট ধারা সংশোধন করা হচ্ছে। আগামী বছরের মধ্যে ভোকেশনাল শিক্ষা উপব্যবস্থার সম্পূর্ণ ক্যারিকুলাম ও পুস্তক প্রকাশনার বিষয় চূড়ান্ত হবে। এর পর নবউদ্যমে শুরু হবে কর্মমুখী আত্মসংস্থানমূলক নতুন শিক্ষা ব্যবস্থা। এ খবর শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের।

তাদের মতে, দেশের আর্থ–সামাজিক অবস্থা, বর্তমান বিশ্বপরিস্থিতি বিবেচনা করে বিশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলার উদ্দেশ্য নিয়ে এ পদক্ষেপ নেয়া হচ্ছে। পুনঃ বিন্যস্ত ভোকেশনাল শিক্ষা ব্যবস্থা চালু হলে দ্রুত বর্ধিষ্ণু জনসংখ্যা বিশেষ করে বিত্তহীন ও দরিদ্রসীমার নীচের অধিবাসীদের যথার্থ সম্পদে রূপান্তর করা সম্ভব হবে। যেকলে প্রবর্তিত শিক্ষা ব্যবস্থা হবে আমূল পরিবর্তিত।

সূত্র মতে, এ বছরই স্কুল-মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের জন্য বেসিক ট্রেড কোর্সের শিক্ষা চালু করা হয়েছে। নবম শ্রেণীর ছাত্র–ছাত্রীরা ১০০ নম্বরের ঐচ্ছিক পরীক্ষার জন্য ১৮টি ট্রেড কোর্সে ভর্তি হয়েছে। ৩১২টি স্কুল–মাদ্রাসায় ৪ হাজার ৫শ' ৮৬ ছাত্র–ছাত্রীকে এ বছর নেয়া হয়েছিল। এ উদ্যোগ আশাতীত সফল হয়েছে। এজন্য আগামী বছর তিন ব্যাচে ১৫ হাজার এবং পরের বছর ৩০ হাজার ছাত্র–ছাত্রীকে এসব ট্রেড কোর্সে ভর্তি করা হবে। তবে পুনঃ বিন্যস্থ ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা প্রচলিত ট্রেড কোর্সের চেয়ে বেশ কিছুটা উন্নত হবে বলে সূত্র জানায়।

ভোকেশনাল শিক্ষা উপব্যবস্থায় মাধ্যমিক স্তরে ৪২টি এবং উচ্চ মাধ্যমিক স্তরে ৩২টি ট্রেড কোর্স থাকবে। ব্যবসা ও অফিস ব্যবস্থাপনা শাখায় থাকবে ৫টি উপশাখা। মাধ্যমিক শিক্ষাস্তরে সাধারণ আবশ্যিক বিষয় হিসাবে বাংলা, ইংরেজী ও অংক এবং অন্যান্য আবশ্যিক বিষয়ের মধ্যে ধর্ম, সামাজিক বিজ্ঞান, ট্রেড বিজ্ঞান, অংকেন ও কম্পিউটর শিক্ষা এবং আত্ম–কর্মসংস্থান ও

( ৫–এর পৃঃ দ্রঃ )

## মাধ্যমিক পর্যায়ে ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা চালু হচ্ছে

(প্রথম পৃষ্ঠার পর)

ব্যবসা উদ্যোগসহ একটি নির্বাচিত ভোকেশনাল ট্রেড এবং সংশ্লিষ্ট ট্রেডে বাস্তব প্রশিক্ষণে ১৩শ' নম্বরে পরীক্ষা দিতে হবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পরীক্ষা হবে ১৪শ' নম্বরে। ব্যবসা ও অফিস ব্যবস্থাপনা শাখায় নির্বাচনী বিষয়ের জন্য ৫টি উপশাখা থাকবে। এগুলো হচ্ছে—বহুভাষিক সেক্রেটারিয়েল সায়েন্স, কম্পিউটর অপারেশন, হিসাবরক্ষণ, ব্যাংকিং এবং উদ্যোক্তা উন্নয়ন।

দেশে বর্তমানে ৫১টি ভিটিআই, ১১টি টিটিসি, ভোলায় সুইডিশ ফ্রিমিশন এবং রাবেতা পরিচালিত একটি ভিটিআই ইনস্টিটিউট আছে। এই ৬৪টি শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও আছে থানা পর্যায়ে ৩শ' ৯০টি কমিউনিটি স্কুল। আগামী বছর ৬৪টি শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষামূলক এসএসসি ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা চালু করা হবে। উপযুক্ত সংস্কার, পরিবর্তন ও পরিবর্ধন করে থানা পর্যায়ের কমিউনিটি স্কুল এবং পার্শ্ববর্তী মাধ্যমিক স্কুলে ১৯৯৬ থেকে শুরু হবে মাধ্যমিক পর্যায়ের ভোকেশনাল উপ-শিক্ষা ব্যবস্থা। পরে পর্যায়ক্রমে ভিটিআই ও টিটিসির কাঠামোগত মানোন্নয়ন এবং প্রয়োজনীয় সুযোগ–সুবিধাসম্পন্ন নতুন প্রতিষ্ঠান স্থাপন করে উচ্চ মাধ্যমিক স্তরের ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা চালু করা হবে বলে সূত্র জানায়।

তাদের মতে, সরকার শিক্ষার আমূল সংস্কার বিশেষ করে ভোকেশনাল শিক্ষা বিস্তারে দৃঢ় প্রতিজ্ঞ। অর্থ মন্ত্রণালয় এ শিক্ষা চালু করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে রাজী আছে। ভোকেশনাল শিক্ষা চালু হলে সাধারণ শিক্ষার তুলনায় বেসরকারি ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে এ শিক্ষার সম্প্রসারণের উদ্যোগকে উৎসাহিত করা হবে বলে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান।